



শহীদ ওসমান হাদির জানাজায় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় মানুষের ঢল



সংগৃহীত ছবি

জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় শহীদ শরীফ ওসমান হাদির জানাজায় হাজারো মানুষ অংশ নিতে সমবেত হয়েছেন। সকাল থেকে বিভিন্ন রাজনৈতিক দল ও সাধারণ জনগণ মিছিল নিয়ে সংসদ ভবনে জমায়েত হন। চীন থেকে আনা আর্চওয়ে গেট দিয়ে সুশৃঙ্খলভাবে তারা প্লাজায় প্রবেশ করেন। দুপুর ২টায় জানাজার আনুষ্ঠানিক আয়োজন হবে।

আজ (২০ ডিসেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দীর্ঘ অপেক্ষার পর সাধারণ জনগণকে সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় প্রবেশের অনুমতি দেয়। এতে চীনের তৈরি ৮টি আর্চওয়ে গেট দিয়ে মানুষ সারিবদ্ধভাবে প্রবেশ করতে থাকেন। জানাজার জন্য সংসদ ভবনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মী এবং সাধারণ মানুষ উপস্থিত হচ্ছিলেন সকাল থেকেই।

জানাজার অংশ নিতে এসে যুক্তরাষ্ট্রের প্রবাসী বাংলাদেশি এসএম নজরুল ইসলাম বলেন, “হাদির মতো একজন মহামানব হাজার বছরে একবার জন্ম নেন। তার জন্য কয়েক ঘণ্টা অপেক্ষা করা সৌভাগ্যের বিষয়। আমি দুঃখিত যে, হাদি ভাই আর সুস্থ হয়ে ফিরে আসবেন না।”

আজ দুপুর ২টায় শহীদ শরীফ ওসমান হাদির নামাজে জানাজা অনুষ্ঠিত হবে, যা এক ঐতিহাসিক ও আবেগপূর্ণ মুহূর্ত হিসেবে দেশের মানুষের মনে চিরকাল স্মরণীয় হয়ে থাকবে।